

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি পাপ কাজ করতে উদ্যত হওয়ার পর তা ছেড়ে দিলে মহান আল্লাহ নিজ অনুগ্রহে তাকে পাপ ছেড়ে দেওয়ার কারণে তাকে একটি সাওয়াব লিখে দিবেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَارِكَ السَّيِّئَةِ إِذَا اهْتَمَّ بِهَا يَكْتُبُ اللَّهُ لَهُ بِفَصْلِهِ حَسَنَةً بِهَا

আরবী

أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (قَالَ عَنْ أَبِي الزِّبَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: إِذَا هَمَّ عَبْدِي بِحَسَنَةٍ فَاكْتُبُوهَا حَسَنَةً فَإِذَا عَمِلَهَا فَاكْتُبُوهَا بِعَشْرِ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: إِذَا هَمَّ عَبْدِي بِسِيِّةٍ فَلَا تكتبوها بمثلها فإن تركها فاكتبوها حسنة.) أَمْثَالِهَا وَإِذَا هَمَّ عَبْدِي بِسِيِّتَةٍ فَلَا تكتبوها بمثلها فإن تركها فاكتبوها حسنة.) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 181 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৮১. আবু হুরাইরা রাদ্মিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহান আল্লাহ থেকে বর্ণনা করেন, তিনি বলেন, মহান আল্লাহ বলেছেন: "যখন আমার বান্দা কোন ভাল কাজ করার চিন্তা করেবে, তখন তোমরা তার জন্য একটি সাওয়াব লিখবে, যখন সে আমল করবে, তখন তোমরা তার দশগুণ সাওয়াব লিখবে। আর যখন আমার বান্দা কোন মন্দ কাজ করার চিন্তা করবে, তখন তোমরা অনুরুপভাবে লিপিবদ্ধ করবে না। যদি সে পাপ কাজটি ছেড়ে দেয়, তবে তার জন্য একটি সাওয়াব লিপিবদ্ধ করবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪২; সহীহ মুসলিম: ১২৮; তিরমিযী: ৩০৭৩; সহীহ আল বুখারী: ৭৫০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদুন নাদ্বীর: ৯৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন